

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যোগাযোগ মন্ত্রণালয়

সড়ক বিভাগ

অফিস আদেশ


নং- ৩৫.০০.০০০০.০১০.১৬.০৫১.১১-১২৮

তারিখ : ০৮ মার্চ ২০১২
২৫ ফাল্গুন ১৪১৮

বিষয় : সড়ক ও জনপথ অধিদপ্তর এর অধীনস্থ মাঠ পর্যায়ের কার্যালয় এবং পরিদর্শন বাংলোসমূহের প্রাঙ্গণ ও সংলগ্ন খালি জায়গা সুষ্ঠু ও নান্দনিকভাবে সংরক্ষণ ও ব্যবস্থাপনা করা প্রসঙ্গে।

সড়ক ও জনপথ অধিদপ্তর-এর মাঠ পর্যায়ের অফিসমূহ পরিদর্শন ও পরিদর্শন বাংলাতে অবস্থানের সময় সড়ক বিভাগের উর্দ্ধতন কর্মকর্তাগণের দৃষ্টিগোচরে এসেছে যে, সড়ক ও জনপথ অধিদপ্তর এর অধীনস্থ মাঠ পর্যায়ের জোন, সার্কেল ও বিভাগীয় কার্যালয় এবং পরিদর্শন বাংলোসমূহের প্রাঙ্গণ ও অফিস সংলগ্ন খালি জায়গা সুষ্ঠু ও নান্দনিকভাবে সংরক্ষণ ও ব্যবস্থাপনা করা হচ্ছে না। কোন কোন ক্ষেত্রে পরিবেশ অপরিচ্ছন্ন ও অফিস বান্ধব নয়। এ ছাড়াও অপরিষ্কৃত অস্থায়ী স্থাপনা, পুরানো যন্ত্রপাতি এবং মালামাল স্তুপীকৃত করে অফিস প্রাঙ্গণে রাখা হচ্ছে যা অফিসের স্বাভাবিক কর্ম পরিবেশকে বাধাগ্রস্ত করে। এতে এই অফিসগুলো সম্পর্কে সাধারণ মানুষ ও সুশীল সমাজের বিরূপ ধারণার সৃষ্টি হচ্ছে। কিন্তু সামান্য উদ্যোগেই এ পরিস্থিতির উন্নয়ন সম্ভব।

০২। এমতাবস্থায়, সড়ক ও জনপথ অধিদপ্তর এর মাঠপর্যায়ের সকল অফিস প্রাঙ্গণ, অফিস সংলগ্ন খালি জায়গা এবং পরিদর্শন বাংলা প্রাঙ্গণ ও বাংলা সংলগ্ন খালি জায়গা পরিষ্কার-পরিচ্ছন্ন করে দৃষ্টিনন্দন ফুলের বাগান এবং বনজ, ফলজ ও ঔষধি বৃক্ষরোপণ করে উন্নত অফিস পরিবেশ সৃষ্টির উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হল।


(এম, এ, এন, ছিদ্দিক)
ভারপ্রাপ্ত সচিব

বিতরণঃ

- ০১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, রমনা, ঢাকা
- ০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন)..... জোন
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল সার্কেল) সার্কেল
- ০৪। নির্বাহী প্রকৌশলী (সকল বিভাগ) বিভাগ।

নং- ৩৫.০০.০০০০.০১০.১৬.০৫১.১১-১২৮/১(৩)

তারিখ : ০৮ মার্চ ২০১২
২৫ ফাল্গুন ১৪১৮

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
- ০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৪। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৫। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ০৬। মাননীয় যোগাযোগ মন্ত্রীর একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(এম, এ, এন, ছিদ্দিক)
ভারপ্রাপ্ত সচিব

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)